



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০২ জুন' ২০২৩খ্রি

### সংসদ সদস্য ডা. মো. আফছারুল আমীনের মৃত্যুতে চট্টগ্রাম সিটি মেয়রের শোকপ্রকাশ

চট্টগ্রাম-১০ আসনের সংসদ সদস্য, সাবেক মন্ত্রী ও মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি ডা. মো. আফছারুল আমীনের মৃত্যুতে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক শোক বার্তায় তিনি বলেন, বঙ্গবন্ধু আদর্শকে সুপ্রতিষ্ঠিত রাখতে মো. আফছারুল আমীন আমৃত্যু লড়ে গেছেন। তৎমূলের রাজনীতিকে সুসংগঠিত করার পাশাপাশি চিকিৎসাসেবার মাধ্যমে জনসেবা করে গেছেন তিনি। তাঁর মৃত্যুতে রাজনৈতিক অঙ্গে যে শুণ্যতার সৃষ্টি হয়েছে তা পুরণ হবার নয়। এ বৰ্ষিয়ান রাজনীতিবিদের মৃত্যুতে দেশ ও জাতির অপূরণীয় ক্ষতি হলো। তবে, প্রজন্ম থেকে থেকে প্রজন্মে একজন আদর্শিক নেতা হিসেবে কর্মীদের অনুপ্রেরণার উৎস হয়ে তিনি বেঁচে থাকবেন। তাঁর কর্ম এবং সাংগঠনিক কৌশল আমাদের জন্য অনুসরণীয় হয়ে থাকবে। মেয়র তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

এছাড়া, ডা. মো. আফছারুল আমীনের মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম।

### চট্টগ্রাম নগর আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদক আবদুল আহাদের মৃত্যুতে চট্টগ্রাম সিটি মেয়রের শোকপ্রকাশ

চট্টগ্রাম নগর আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদক আবদুল আহাদের মৃত্যুতে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। এক শোক বার্তায় তিনি বলেন, শ্রমিকদের ভাগ্যবদলের যে স্বপ্ন বঙ্গবন্ধু দেখেছিলেন তা বাস্তবায়নে আবদুল আহাদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। বিশেষ করে চট্টগ্রাম বন্দরের ডক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করার মাধ্যমে চট্টগ্রাম বন্দরকেন্দ্রিক শ্রমিক রাজনীতিতে বহু আন্দোলন-সংগ্রামে নেতৃত্বান্বিত করার অন্যতম আবদুল আহাদ। মেয়র তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। এছাড়া, বৰ্ষিয়ান এ নেতার মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮